01

তারিখ 17 JAN 1995 পৃষ্ঠা 1 কলাম 2

দৈনিক বাংলা

# চারটি সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা ঃ নয় শ' আসনে ৫ হাজার প্রার্থী

স্টাফ রিপোর্টার ঃ রাজধানীরসরকারী স্কুলগুলির বিভিন্ন ক্লাসে ভর্তি পরীক্ষা বৃহস্পতিবার শুরু হয়েছে। নগরীর মোট ২৪টি সরকারী স্কুলে পাঁচ দিনব্যাপী ভর্তি পরীক্ষার প্রথমদিনে গতকাল চারটিতে পরীক্ষা অনুষ্ঠিত হয়। এই চারটি স্কুলের বিভিন্ন ক্লাসে মোট আট শ' ৯৬টি সীটের জন্য প্রতিদ্বন্দ্বিতা করে পাঁচ হাজার তিন শ' পাঁচজন প্রার্থী।

গতকালের ভর্তি পরীক্ষায় সবচেয়ে বেশী প্রতিদ্বন্দ্বিতা হয় গবর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুলে। এ স্কুলে তিনটি ক্লাসের দু'শ' সীটের জন্য ভর্তি পরীক্ষা দেয় দু'হাজার দু'শ' ৭৪ জন প্রার্থী। এর মধ্যে প্রথম শ্রেণীর এক শ' ৬০টি সীটের জন্য এক হাজার তিন শ' ৩২ জন, ষষ্ঠ শ্রেণীর ৩০টি সীটের জন্য ছ'শ' ৮৬ জন এবং নবম শ্রেণীর ১০টি সীটের জন্য দু' শ' ৫৬ জন ভর্তি পরীক্ষা দেয়।

মতিঝিল সরকারী বালিকা বিদ্যালয়ের পাঁচটি ক্লাসে দু'শ' ৩০টি সীটের জন্য প্রার্থী ছিল এক হাজার চার শ' ৯৩ জন। এর মধ্যে প্রথম শ্রেণীর এক শ'টি সীটের জন্য পাঁচ শ' জন, ষষ্ঠ শ্রেণীর ৭০টি সীটের জন্য সাড়ে পাঁচ শ' জন, সপ্তম শ্রেণীর ৪০টি সীটের জন্য এক শ' ৬৩ জন, অষ্টম শ্রেণীর ১০টি সীটের জন্য এক শ' ৪০ জন এবং নবম শ্রেণীর ১০টি সীটের জন্য এক শ' ৪০ জন প্রার্থী ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হয়।

শেরেবাংলা সরকারী বালিকা বিদ্যালয়ে পাঁচটি ক্লাসে দু'শ' ৭৬টি সীটের জন্য ছ'শ' ৩৮ জন পরীক্ষা দেয়। এর মধ্যে প্রথম শ্রেণীর ৮০টি সীটের জন্য দু'শ' ৬৯ জন, ষষ্ঠ শ্রেণীর এক শ' ছ'টি সীটের জন্য দু'শ' ৩৫ জন, সপ্তম শ্রেণীর ৪৩টি সীটের জন্য

(আটের পাতায় ৬-এর কঃ দ্রঃ)

## চারটি সরকারী স্কুলে

(প্রথম পৃঃ পর)

৪৭ জন, অষ্টম শ্রেণীর ২৭টি সীটের জন্য ৩৮ জন এবং নবম শ্রেণীর ২০টি সীটের জন্য ৪৯ জন প্রার্থী পরীক্ষা দিয়েছে।

বাংলাবাজার সরকারী বালিকা বিদ্যালয়ের প্রথম, চতুর্থ এবং সপ্তম শ্রেণীতে মোট এক শ' ৯০ জনকে ভর্তি করা হবে। উল্লিখিত সীটের জন্য ভর্তি পরীক্ষা দেয় প্রায় এক হাজার জন প্রার্থী।

স্কুলগুলির কর্তৃপক্ষ সুষ্ঠুভাবে পরীক্ষা নেয়ার জন্য চমৎকার ব্যবস্থা করেছিলেন। এত শিশু, কিশোর-কিশোরীদের ভিড়ে কেউ যাতে হারিয়ে না যায় সে জন্য স্কুল প্রাঙ্গণে প্রবেশের আগে সবার বুকে ছবিসহ প্রবেশপত্র লাগিয়ে দেয়া হয়। ছাত্র-ছাত্রীদের পরীক্ষা শেষে অভিভাবকদের হাতে তুলে দেবার জন্যও বিশেষ ব্যবস্থা ছিল। পরীক্ষার পর মাইকে প্রত্যেক ছাত্র-ছাত্রী, রোল নম্বর এবং অভিভাবকদের নাম ঘোষণা করে সবাইকে একে একে অভিভাবকদের হাতে তুলে দেয়া হয়।

ভর্তি পরীক্ষার সময় গতকাল বিভিন্ন স্কুলে গিয়ে দেখা গেছে, ভর্তিচ্ছু শিশু এবং কিশোর-কিশোরীদের চেয়ে অভিভাবকরাই বেশী উদ্বিগ্ন। পরীক্ষা শুরুর বেশ আগে থেকেই অভিভাবকরা সন্তানদের নিয়ে আসেন স্কুলে। স্কুলের সামনে অসংখ্য উৎকণ্ঠিত অভিভাবকদের ভিড়ের কারণে আশপাশের রাস্তায় যানবাহন চলাচল বি্ঘ্নিত হয়।

রাজধানীর অন্যান্য সরকারী স্কুলের মধ্যে আগামীকাল শনিবার ধানমণ্ডি সরকারী বালিকা বিদ্যালয়, মতিঝিল সরকারী বালক বিদ্যালয়, শেরেবাংলা সরকারী বালক বিদ্যালয়, কলেজিয়েট সরকারী স্কুল, নিউ গবর্নমেন্ট হাইস্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১৯ জানুয়ারী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে মোহাম্মদপুর সরকারী বালক বিদ্যালয়, কামরুন্নেসা সরকারী বিদ্যালয়, নওয়াবপুর সরকারী বিদ্যালয়, ইসলামিয়া সরকারী বিদ্যালয়ে। খিলগাঁও সরকারী বিদ্যালয়, গবর্নমেন্ট মুসলিম হাইস্কুল, তেজগাঁও সরকারী বালিকা বিদ্যালয়, ধানমণ্ডি বালক বিদ্যালয় ও নারিন্দা সরকারী বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা হবে ২০ জানুয়ারী। ২১ জানুয়ারী পরীক্ষা নেয়া হবে আরমানিটোলা সরকারী বিদ্যা-লয়, গণভবন সরকারী বিদ্যালয়, তেজগাঁও সরকারী বিজ্ঞান কলেজ স্কুলে।